



বারি'র প্রধান কার্যালয়ের সামনে বেলুন উড়িয়ে নারী দিবসের কর্মসূচির উদ্বোধন করা হয়

বারিতে নারী দিবস উদযাপিত

করোনাকালে নারী নেতৃত্ব গড়বে নতুন সমতার বিশ্ব' প্রতিপাদ্য সামনে রেখে নানা কর্মসূচি ও বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) স্বাস্থ্যবিধি মেনে গতকাল সোমবার আন্তর্জাতিক নারী দিবস-২০২১ উদযাপিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষ্যে আয়োজিত কর্মসূচির মধ্য ছিল বর্ণাঢ্য র্যালি, নারী দিবসের ক্যাপ পরিধান, ফেস্টনসহ বেলুন উড়ানো, আন্তর্জাতিক নারী দিবসের গুরুত্ব ও তাৎপর্যের উপর সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠান।

সকালে বারি'র প্রধান কার্যালয়ের সামনে বেলুন উড়িয়ে দিবসের কর্মসূচির উদ্বোধন করেন বারি'র মহাপরিচালক ড. মো. নাজিরুল ইসলাম। এরপর বারি'র মহাপরিচালকের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালি শেষে ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে আন্তর্জাতিক নারী দিবসের ওপর সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠান হয়। বারি'র পরিচালক (কম্পাল ফসল গবেষণা কেন্দ্র) ড. কবিতা আনজু-মান-আরার সভাপতিত্বে আলোচনা অনুষ্ঠানে বারি'র মহাপরিচালক ড. মো. নাজিরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. এস. এম. শরিফুজ্জামান, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. কামরুল হাসান, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মুহাম্মদ সামসুল আলম, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (তেলবীজ গবেষণা কেন্দ্র) ড. রীনা রানী সাহা, আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, গাজীপুরের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বারি বিজ্ঞানী সমিতির (বারিসা) সাধারণ সম্পাদক ড. মুহা. সহিদুজ্জামান প্রমুখ। এছাড়া আলোচনা সভায় বারিতে কর্মরত নারী বিজ্ঞানী, কর্মকর্তা-কর্মচারী ও শ্রমিক প্রতিনিধিরা বক্তব্য দেন। সংবাদ বিজ্ঞপ্তি

